তারিখ ... 19 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# বান্দরবানে স্কুলে ল্যাপটপ বিতরণ

প্রতিনিধি, বান্দরবান

পার্বত্য প্রতিমন্ত্রী বীর বাহাদুর এমপি বলেছেন, শিক্ষার্থীদের যা পড়াবেন যা শিখাবেন তা স্কুলের ক্লাসেই ভাল করে শেখাবেন। কারণ আমাদের মা-বাবারা এখনো অশিক্ষিত। তাদের মধ্যে শিক্ষার জ্ঞান নেই বলেই তাদের কাছে তার তেমন গুরুত্ব নেই। তাই একজন শিক্ষার্থীকে স্কুল থেকেই শিখিয়ে-পরিয়ে দক্ষ করে তুলতে হবে। শিক্ষকদের শিক্ষক হওয়ার পাশাপাশি অভিভাবকের গুরু দায়িত্বও নিতে হবে। তিনি আরো বলেন, যে শিশুটি পাড়-লেখায় বেশি দুর্বল তাকে অতিরিক্ত সময় দিতে হবে। বান্দরবানের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান দেশের একটি মডেল হোক সেটাই কাম্য। এ বিষয়ে বেশি অবদান রাখতে হবে শিক্ষকদের। এ ব্যাপারে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। গত বুধবার জেলা পরিষদের সম্মেলন কক্ষে জেলার প্রাথমিক স্কুলগুলোতে ল্যাপটপ কম্পিউটার ও মাল্টিমিডিয়া সেট বিতরণ অনুষ্টানে প্রধান অতিথি'র বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রাথমিক স্কুলগুলোতে শিক্ষার মান বাড়াতে পার্বত্য জেলা পরিষদের উদ্যোগে ল্যাপটপ কম্পিউটার ও মাল্টিমিডিয়া সেট বিতরণে উদ্যোগ নেয়া হ জেলার ৭টি উপজেলার ২০টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের হাতে এসব সামগ্রী তুলেন। এদিকে বিতরণ অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ক্যশৈহ্লার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার সঞ্জিত কুমার রায়, জেলা পরিষদের মূখ্য নির্বাহী মো.শহিদুল আলম, পৌর চেয়ারম্যান ইসলাম বেবী, জেলা পরিষদের সদস্য লক্ষি পদ দাশ, অতিরিক্ত পুলিশ সুপার অনির্বান চাকমা, উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন চৌধুরী। এছাড়াও বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। অপরদিকে পার্বত্য জেলা পরিষদ সূত্রে জানান, ২০১০ সাল থেকে এ পর্যন্ত জেলা পরিষদের পক্ষ হতে বান্দরবান জেলার ৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও ৩৩টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া সেট বিতরণ করা হয়েছে।